দামুড়হুদার বিভিন্ন ইউনিয়নে সড়ক ও মসজিদ নির্মান কাজের উদ্ধোধন

দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৭টি সড়ক নির্মান কাজ ও একটি মসজিদ নির্মান কাজে উদ্ধোধন করেছেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল বুধবার দিনভর তিনি নাটুদহ ইউনিয়ের চন্দ্রদাস কার্পাসডাঙ্গা ইউনিয়ের হুদাপাড়া নতিপোতা,ইউনিয়ের ভগিরাতপুর জুড়ানপুর, ইউনিয়ের দলীয়ারপুর, গোকুল খালী, লক্ষিপুর হাট এবং দামুড়হুদা ইউনিয়ের পুরাতন বাস্তপুরে ৩ কোটি ২৯ লাখ টাকা ব্যায়ে ৭টি সড়ক নির্মান কাজের ও ডিসি ইকো পার্কে মসজিদ নির্মান কাজের শুভ উদ্বোধন করেন।

উদ্ধোধনকালে হাজী আলী আজগার টগর বলেন, বাংলাদেশের উন্নয়নের রুপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ উন্নয়নের স্বর্ন শেখরে। জাতির জনকের স্বপ্ন পৃরনে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন তিনি। অবহেলিত এই জনপদের উন্নয়ন হয়েছে চোখে পড়ার মত।সারা বাংলাদেশসহ আমাদের এলাকায় রাস্তা ব্রীজ,কালভার্ট স্কুল, কলেজ,মাদ্রাসা মসজিদ, মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্টানে ব্যাপক উন্নয়ন হয়েছে। এ সব উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিএনপি-জামাত,তারা অহেতুক অরাজকতা সৃষ্টি করে নির্বাচন বানচালসহ ঘোলা পানিতে মাছ শিকারের পায়তারা করছে। একাত্তরের পরাজিত শক্তি জামাত ও বিএনপি যতই অরাজকতা সৃষ্টি করুক না কেন এদেশের জনগন তা শক্তহাতে প্রতিহত করবে।তাই আসুন দেশের উন্নয়ন অব্যহত রাখতে বিরোধী দলের অপশক্তিকে রুখে দিতে আবারো নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনা সরকার গঠনে সহায়তা করি।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু , দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা,কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি

□□□□□□ □□□□□□□ □□□□□